# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - ভুলভ্রান্তি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৪. ১. ১১. যে ভুলের কারণে যীশুর খ্রিষ্টত্ব বাতিল

বাইবেলের প্রসিদ্ধ নবী ‘Jeremiah’, কেরির অনুবাদে ‘যিরমিয়’ এবং কিতাবুল মোকাদ্দসে ‘ইয়ারমিয়া’। উইকিপিডিয়ার ‘Jeremiah’ প্রবন্ধের ভাষ্য অনুসারে[1] বাইবেলের মধ্যে বিদ্যমান ৪টা পুস্তক তাঁর রচিত বলে মনে করা হয়: (১) যিরমিয়, (২) বিলাপ, (৩) ১ রাজাবলি ও (৪) ২ রাজাবলি। তাঁর শিষ্য ও লিপিকার বারূক বিন নেরিয়া ‘Baruch ben Neriah’-এর সহযোগিতা ও সম্পাদনায় তিনি তা রচনা করেন।

তিনি খ্রিষ্টপূর্ব ৬৫০ সালের দিকে জন্মগ্রহণ করেন। খ্রিষ্টপূর্ব ৫৮৬ সালে নেবুকাদনেজারের হাতে জেরুজালেমের পতনের পরে তিনি মৃত্যুবরণ করেন। তাঁর সমকালীন পাপাচারী ইহুদি রাজা যিহোয়াকীম (Jehoiakim/ Jehoikim, c. 635–598 BCE) তাঁর ভবিষ্যদ্বাণী পুস্তকটা পুড়িয়ে ফেলেন। এজন্য ঈশ্বর বলেন যে, যিহোয়াকীমের কোনো বংশধর কখনো দাউদের সিংহাসনে বসবে না।

যিরমিয় ৩৬/৩০: KJV: He shall have none to sit upon the throne of David: দাউদের সিংহাসনে বসার জন্য তার কেউ থাকবে না। ERV (Easy-to-Read Version): “Jehoiakim’s descendants will not sit on David’s throne”. “যিহোয়াকীমের বংশধরগণ দাউদের সিংহাসনে বসবেন না।” GNT (Good News Translation): “no descendant of yours will ever rule over David's kingdom”: “তোমার কোনো বংশধর কখনোই দাউদের রাজ্যের উপর রাজত্ব করবে না।” MSG (The Message) No descendant of his will ever rule from David’s throne. “তার কোনো বংশধর কখনোই দাউদের সিংহাসনে রাজত্ব করবে না।”[2]

কেরির অনুবাদ: “অতএব যিহূদা-রাজ যিহোয়াকীমের বিষয়ে সদাপ্রভু এই কথা কহেন, দাউদের সিংহাসনে উপবেশন করিতে তাহার কেহ থাকিবে না।”

কিতাবুল মোকাদ্দস-২০০৬: “সেজন্য তোমার বিষয়ে আমি মাবুদ বলছি যে, দাউদের সিংহাসনে বসবার জন্য তোমার কেউ বেঁচে থাকবে না।” (যিরমিয় ৩৬/৩০)

পবিত্র বাইবেলের এ ভবিষ্যদ্বাণীটা দুটো কারণে মিথ্যা বা ভুল:

প্রথমত: খ্রিষ্টপূর্ব ৫৯৮ সালে তাঁর মৃত্যুর পরে তাঁর পুত্র যিকনিয় বা যিহোয়াখীন (Jeconiah/ Jechonias /Jehoiachin) তাঁর উত্তারাধিকারী হিসেবে দাউদের সিংহাসনে বসেন।[3] ইহুদি-খ্রিষ্টানদের দাবি অনুসারে যিরমিয়ই রাজাবলি/ বাদশাহনামার লেখক। তিনি লেখেছেন: “পরে যিহোয়াকীম তাঁর পূর্বপুরুষদের সঙ্গে নিদ্রাগত হলেন এবং তাঁর পুত্র যিহোয়াখীন তাঁর পদে বাদশাহ হলেন।” (২ বাদশাহনামা ২৪/৬, মো.-১৩)

দ্বিতীয়ত: মথি (১/১১-১২) লেখেছেন, যীশু যিহোয়াকীমের পুত্র যিকনিয়ের (Jechonias/ Jeconiah/ Jehoiachin) বংশধর। উপরের ভবিষ্যদ্বাণী সত্য হলে যীশু দাউদের সিংহাসনে বসার অযোগ্য বলে প্রমাণ হয়।

আর যীশু দাউদের সিংহাসনের অযোগ্য বলে প্রমাণ হলে তিনি খ্রিষ্ট পদের অযোগ্য বলে প্রমাণ হয়। কারণ, খৃস্টধর্মীয় বিশ্বাসে যীশু চিরকালের জন্য দাউদের সিংহাসনে বসেন। ঈশ্বরের দূত মরিয়মকে যীশুর বিষয়ে বলেন: “প্রভু আল্লাহ তাঁর পিতা দাউদের সিংহাসন তাঁকে দেবেন; তিনি ইয়াকুব-কুলের উপরে যুগে যুগে রাজত্ব করবেন, ও তাঁর রাজ্যের শেষ হবে না” (লূক ১/৩২-৩৩, মো.-১৩)। প্রেরিত পুস্তকের বক্তব্য: “ভাইয়েরা, সেই পিতৃকুলপতি দাউদের বিষয়ে ... আল্লাহ কসম খেয়ে তাঁর কাছে এই শপথ করেছিলেন যে, তাঁর একজন বংশধরকে তাঁর সিংহাসনে বসাবেন; অতএব, দাউদ আগে থেকে দেখে মসীহেরই পুনরুত্থান বিষয়ে এই কথা বললেন...।” (প্রেরিত ২/২৯-৩১, মো.-১৩)

যিরমিয়ের ভবিষ্যদ্বাণীকে ইহুদিরা সত্য বলে বিশ্বাস করতে পারেন; তবে খ্রিষ্টানদের জন্য বাইবেলীয় এ ভবিষ্যদ্বাণীকে মিথ্যা বলে বিশ্বাস করা ছাড়া উপায় নেই।

## ফুটনোট

[1] http://en.wikipedia.org/wiki/Jeremiah
[2] https://www.biblegateway.com/verse/en/Jeremiah%2036:30
[3] http://en.wikipedia.org/wiki/Jehoiakim

Source — https://www.hadithbd.com/books/link/?id=14151

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন